



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০২৫৮৮৮-৪৪৯৮১
ফ্যাক্স: ০২৫৮৮৮-৪৫১৩৪

পাবিপ্রবি/জন:/ ৪২/২২০

১৪ কার্তিক ১৪৩১
৩০ অক্টোবর ২০২৪

২০২৫ সালের ক্যালেন্ডার ও ডায়েরি মুদ্রণের জন্য ডিজাইন আহ্বান

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২৫ সালের ক্লাস ও অফিস ছুটির তালিকা প্রণয়ন, ডায়েরি ও ক্যালেন্ডার মুদ্রণ কমিটির এক সভা ২৮ অক্টোবর ২০২৪ খ্রি. অনুষ্ঠিত হয়। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এবং কমিটির সর্বসম্মতিক্রমে ২০২৫ সালের ডায়েরি ও ক্যালেন্ডার মুদ্রণের জন্য পাবিপ্রবি'র শিক্ষার্থীদের নিকট হতে ডিজাইন বা নকশা আহ্বান করা যাচ্ছে। স্পেসিফিকেশনে যা থাকবে:

দেয়াল ক্যালেন্ডার: সাইজ ৩০ বাই ২০ ইঞ্চি (প্রোট্রেইট) হবে।

ডেস্ক ক্যালেন্ডার: ৮ বাই ৫.৫ ইঞ্চি সাইজ হবে। ১৩ পাতার ক্যালেন্ডার, এক পাতায় ২০২৬ সালের ক্যালেন্ডার থাকবে।

ডায়েরি: সাইজ ৭.৫ বাই ৫.৫ ইঞ্চি হবে। সাল, বিশ্ববিদ্যালয়ের লোগো ও বিশ্ববিদ্যালয়ের নাম সংযুক্ত করতে হবে।

auditybiswas@gmail.com অথবা babulhossain.du@gmail.com এই ঠিকানায় আগামী ১০ নভেম্বর ২০২৪-এর মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রয়োজনে ০১৭১৬৭৮১৯৩৬ নাম্বারে যোগাযোগ করা যেতে পারে। নমুনা হিসেবে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০২৪ সালের ক্যালেন্ডার ও ডায়েরির সহযোগিতা নেওয়া যেতে পারে।

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক (জনসংযোগ) ও সদস্য সচিব
২০২৫ সালের ডায়েরি ও ক্যালেন্ডার মুদ্রণ কমিটি
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- রেজিস্ট্রার, পাবিপ্রবি
- পরিচালক, আইসিটি সেল, পাবিপ্রবি (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- প্রটোকল অফিসার টু ভিসি, পাবিপ্রবি (উপাচার্য মহোদয়ের অবগতির জন্য)
- অফিস নথি।